দৈনিক
ইত্তেফাক

31 MAY 2017




ত্রিশাল (ময়মনসিংহ): কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতির উদ্যোগে মানববন্ধনে বক্তব্য রাখেন ভিসি প্রফেসর মোহীত উল আলম —ইত্তেফাক

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতির মানববন্ধন

■ ত্রিশাল(ময়মনসিংহ)সংবাদদাতা

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে কটূক্তি, বিশ্ববিদ্যালয়ে সরস্বতী প্রতিমা ভাঙচুর এবং শিক্ষক সমিতির যুগ্ম-সাধারণ সম্পাদক সহকারী অধ্যাপক আল জাবিরকে হত্যার হুমকিসহ সকল অন্যায়-অবমাননার তীব্র নিন্দা ও প্রতিবাদে শিক্ষক সমিতির মানববন্ধন করেছে। সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের সামনে শিক্ষক সমিতির ব্যানারে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে উপস্থিত ছিলেন— বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহীত উল আলম, ট্রেজারার অধ্যাপক এ এম এম শামসুর রহমান, রেজিস্ট্রার ড. মো. হুমায়ুন কবীর, শিক্ষক সমিতির সভাপতি তপন কুমার সরকার, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. শফিকুল ইসলাম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের প্রধান ড. বিজয় ভূষণ দাস, ফোকলোর বিভাগের বিভাগীয় প্রধান ড. মো. সাইফুল ইসলাম, চারুকলা বিভাগের প্রধান নগরবাসী বর্মন, কর্মকর্তা পরিষদের সভাপতি মো. মাহবুবুল ইসলাম, জনসংযোগ বিভাগের উপ-পরিচালক এস এম হাফিজুর রহমান প্রমুখ।

এ সময় শিক্ষক সমিতির অন্য সদস্যবৃন্দসহ সাধারণ শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। শিক্ষক সমিতির ব্যানারে এ মানববন্ধনটি সঞ্চালনা করেন ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের প্রধান সোহেল রানা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যর্থে